# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.08.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর কাণ্ডে রাজ্য সরকার এবং পুলিশ আজ সুপ্রিম কোর্টের তীব্র ভৎর্সনার মুখে পড়ে।

প্রধান বিচারপতির বেঞ্চ, আগামী বৃহস্পতিবার সিবিআই-কে তদন্তের অগ্রগতি এবং রাজ্যকে হাসপাতালে ভাঙচুর নিয়ে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম থেকে আর জি কর হাসপাতালের ধর্ষিত ও নিহত চিকিৎসক পড়ুয়া তরুণীর নাম অথবা ছবি এবং ভিডিও অবিলম্বে সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

বিজেপি, সুপ্রিম কোর্টের নির্দেশকে স্বাগত জানিয়েছে।

২) আর জি কর কান্ডের প্রতিবাদের বিজেপির হাওড়া ব্রিজ ও এবিভিপির স্বাস্থ্য ভবন অভিযানকে কেন্দ্র করে আজ তুলকালাম কান্ড বাধে।

৩) কলকাতা হাইকোর্টের ওবিসি রায়ের ওপর পশ্চিমবঙ্গ সরকার স্থগিতাদেশ চায় বলে আজ সুপ্রিম কোর্টে রাজ্যের তরফে জানানো হয়েছে।

৪) রাজ্য সরকার খোলা বাজারে আলুর দাম সাধারনের নাগালের মধ্যে রেখে আগামীকাল থেকে ভিনরাজ্যে আলু পাঠানোর ক্ষেত্রে ব্যবসায়ীদের ছাড়পত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৫) দক্ষিণ বাংলাদেশ ও তার পার্শ্ববর্তী অঞ্চলের ওপর সৃষ্ট নিম্নচাপ এবং ঘূর্ণাবর্তের পাশাপাশি মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তর ও দক্ষিণবঙ্গের বেশিরভাগ জায়গায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

----------------------------------------------------------------------------------------------------

আর জি কর কাণ্ডে রাজ্য সরকার এবং পুলিশ আজ সুপ্রিম কোর্টের তীব্র ভৎর্সনার মুখে পড়ে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং দুই বিচারপতি জে বি পারদিওয়ালা ও মনোজ মিশ্রের বেঞ্চ, স্বতঃপ্রণোদিত মামলায় ৯ই আগস্ট সকালে তরুণী চিকিৎসক পড়ুয়ার দেহ উদ্ধার, ময়নাতদন্ত ও বাবা মা-কে দেহ হস্তান্তরের পর রাত ১১ টা ৪৫-এ কেন এফআইআর দায়ের করা হল, তা নিয়ে প্রশ্ন তোলেন।

আর জি করের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের পর্যবেক্ষণ, ঘটনাটি যে খুন তা স্পষ্ট বোঝা গেলেও প্রথমে আত্মহত্যা বলেছিলেন অধ্যক্ষ। এছাড়া মৃতার দেহ কয়েক ঘন্টা পর পরিবারকে দেখতে দেওয়া হয়। তথ্য প্রমাণ লোপাটের চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ উঠেছে।

১৪-ই আগস্ট রাতে হাসপাতালে দুষ্কৃতী তান্ডব ও ব্যাপক ভাঙচুরের ঘটনায় কলকাতা পুলিশের ভূমিকাতেও তাঁরা তীব্র ক্ষোভ প্রকাশ করেন।

আগামী বৃহস্পতিবার সিবিআই-কে তদন্তের অগ্রগতি এবং রাজ্যকে হাসপাতালে ভাঙচুর নিয়ে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বেঞ্চ। ঐদিনই হবে পরবর্তী শুনানি।

দেশজুড়ে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তার ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করে সুপ্রিম কোর্ট ১০ সদস্যের একটি জাতীয় টাস্ক ফোর্স গঠন করেছে। নিরাপত্তার

কোন্ কোন্ দিক এই টাস্ক ফোর্স খতিয়ে দেখবে, তাও স্থির করে দিয়েছেন শীর্ষ আদালত।

প্রধান বিচারপতি বলেন, চিকিৎসকরা যাতে নিরাপদে কাজ করতে পারেন সেই দিকটি নিশ্চিত করা দরকার। টাস্ক ফোর্সকে তিন সপ্তাহের মধ্যে অন্তর্বর্তী এবং ২ মাসের মধ্যে চূড়ান্ত রিপোর্ট দিতে বলা হয়েছে।

আন্দোলনরত পড়ুয়াদের নিরাপত্তা নিয়ে আশঙ্কার প্রেক্ষিতে আর জি কর হাসপাতালে সিআইএসএফ মোতায়েনের নির্দেশ দিয়েছে বেঞ্চ। তাঁরা বলেছেন, কলকাতার হাসপাতালের এই ঘটনা শুধু একটি ভয়ঙ্কর খুনের মামলাইনয়, গোটা দেশের চিকিৎসকদের নিরাপত্তা ও পদ্ধতিগত সমস্যার বিষয়। সেই কারণেই স্বতঃপ্রণোদিত পদক্ষেপ করেছে সুপ্রিম কোর্ট।

পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যে চিকিৎসকদের বিরুদ্ধে হিংসা মোকাবিলায় যে আইন রয়েছে, তার উল্লেখ করে সর্বোচ্চ আদালত বলেছে, প্রাতিষ্ঠানিক সুরক্ষার ক্ষেত্রে খামতি পূরণ করতে পারেনি এই সব আইন। প্রতিবাদীদের ধরপাকড় এবং পুলিশী হেনস্থা যাতে না করা হয়, তাও সুনিশ্চিত করতে বলেছেন বেঞ্চ।

আর জি করের আন্দোলনকারী চিকিৎসক ও পড়ুয়ারা সুপ্রিম কোর্টের নির্দেশকে স্বাগত জানালেও এখনই কর্ম বিরতি প্রত্যাহার করছেন না। ২২ শে আগস্টের পর এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে বলে তাঁরা জানিয়েছেন।

---

সুপ্রিম কোর্ট, সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম থেকে আর জি কর হাসপাতালের ধর্ষিত ও নিহত চিকিৎসক পড়ুয়া তরুণীর নাম অথবা ছবি এবং ভিডিও অবিলম্বে সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছে। দুই আইনজীবীর আবেদনে সাড়া দিয়ে প্রধান বিচারপতি ডি

ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন তিন বিচারপতির বেঞ্চ আজ এই নির্দেশ দেন। এব্যাপারে উদ্বেগের সঙ্গে সহমত পোষণ করে শীর্ষ আদালত বলেছে, নির্যাতিতার দেহের ছবি ও ভিডিও বিভিন্ন সামাজিক মাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়েছে, যা সুপ্রিম কোর্টের রায়ের পরিপন্থী।

-------------------------

বিজেপি, সুপ্রিম কোর্টের নির্দেশকে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ কলকাতায় সাংবাদিকদের বলেন, এই নির্দেশকে সবার স্বাগত জানানো উচিত। সিবিআই যাতে দ্রুত রিপোর্ট পেশ করে, সেই নির্দেশের পাশাপাশি শুধু মহিলা চিকিৎসক নয় সমগ্র চিকিৎসক সমাজ ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষার জন্য একটি স্থায়ী ব্যবস্থা গ্রহণের উপর জোর দিয়েছে শীর্ষ আদালত। যাতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা নির্ভয়ে ও সুস্থ পরিবেশে কাজ করতে পারেন।

আর জি করের মতো ঘটনা যাতে আর না ঘটে, সেজন্য আরো কঠোর ও দৃষ্টান্তমূলক বিচার তিনি আশা করেন বলে শ্রী অধিকারী জানান।

বাইট

-------------------------

আরজিকরে নিরাপত্তার দায়িত্বে সিআইএসএফ মোতায়েনের নির্দেশকেও স্বাগত জানিয়েছে বিজেপি। কলকাতায় আজ সাংবাদিকদের দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্যের পুলিশ প্রশাসনের উপর সর্বোচ্চ আদালতের যে আস্থা নেই, প্রকারান্তরে তাই নির্দেশে বলা হয়েছে। এর প্রেক্ষিতে বিজেপি মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও কলকাতার পুলিশ কমিশনারকে অপসারণ তাঁরা কম্পালসারি ওয়েটিং-এ পাঠানোর দাবি জানাচ্ছেন।

বাইট

এদিকে আরজিকরের ঘটনার প্রতিবাদে ও নির্যাতিতার জন্য ন্যায়ের দাবিতে বিজেপি আজ বিকেলে গড়িয়াহাটে বিক্ষোভ দেখায় ও প্রতিবাদ মিছিল করে। দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল, বিজেপি নেত্রী রূপা গাঙ্গুলী সহ স্কুলের ছাত্রীরা এই বিক্ষোভে অংশ নেয়।

-------------------------

আরজি কর-কাণ্ডের প্রতিবাদে আজ হাওড়া ব্রিজ অভিযানের কর্মসূচি ছিল বিজেপির। সেতুতে ওঠার মুখে তাঁদের আটকে দেয় পুলিশ। বসানো হয় ব্যারিকেড। পরিস্থিতি নিয়ন্ত্রণে র‍্যাফ আনতে নামানো হয়। বিজেপি নেতা কর্মীরা ব্যারিকেড ভেঙে এগোনোর চেষ্টা করলে পুলিশের সঙ্গে শুরু হয় ধস্তাধস্তি। বিজেপি নেতা, পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিংহ মাহাতো-সহ কয়েক জনকে আটক করা হয়। সন্ধ্যার ব্যস্ত সময়ে এই বিক্ষোভে তীব্র যানজট তৈরি হয়েছে।

-------------------------

আর জি কর হাসপাতালের চিকিৎসক ধর্ষণ খুনের প্রতিবাদে এবিভিপির স্বাস্থ্যভবন অভিযানকে কেন্দ্র করে আজ দুপুরে তুলকালাম কান্ড বাধে। বৃষ্টি মাথায় নিয়ে সল্টলেক সিটি সেন্টারের কাছে জমায়েত করার পর মিছিল শুরু হতেই ইন্দিরা ভবনের কাছে তাদের আটকে দেয় বিধাননগর থানার পুলিশ। মিছিলকারীরা ব্যারিকেড ভাঙ্গার চেষ্টা করলে পুলিশ লাঠি চার্জ করে। দু পক্ষের ধস্তাধস্তিও হয়। ২৫ জন এবিভিপি কর্মীকে আটক করে পুলিশ।

-------------------------

আর জি কর কান্ডের প্রতিবাদে এবং দ্রুত বিচার চেয়ে পুরুলিয়ার সিধো কানহো বিরসা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আজ মিছিল করেন। তাদের সঙ্গে যোগ দেন গবেষক, অধ্যাপক এবং প্রাক্তনীরা।

কলকাতা হাইকোর্টের আইনজীবীদের পর জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের বার অ্যাসোসিয়েশনও আজ প্রতিবাদ মিছিলের আয়োজন করে।

-------------------------

পূর্ব বর্ধমানের নান্দুরে আদিবাসী তরুণী খুনে অভিযুক্তদের শাস্তি ও মহিলাদের নিরাপত্তার দাবিতে ভারত জাকাত মাঝি পারগানা মহলের পক্ষ থেকে আজ পথ অবরোধ কর্মসূচী পালিত হয়। এর জেরে বিভিন্ন জায়গায় তৈরি হয় ব্যাপক যানজট।

-------------------------

এক নাবালিকার সঙ্গে যৌন সংসর্গে অভিযুক্ত যুবককে মুক্তি দিয়ে কলকাতা হাইকোর্টের ২০২৩-এর ১৮ই অক্টোবরের রায়, সুপ্রিম কোর্ট আজ খারিজ করে দিয়েছে। কিশোর-কিশোরীদের গোপনীয়তার অধিকার নামে এক স্বতঃপ্রণোদিত মামলায় বিচারপতি অভয় এস ওকা ও বিচারপতি উজ্জ্বল ভুঁইয়া, ওই রায়ের পাশাপাশি হাইকোর্টের বিতর্কিত মন্তব্য খারিজ করে দিয়েছেন। কিশোরীদের যৌন আকাঙ্ক্ষা নিয়ন্ত্রণ করা উচিৎ বলে হাইকোর্টের বিচারপতি চিত্তরঞ্জন দাশ ও বিচারপতি পার্থসারথি সেন মন্তব্য করেছিলেন।

-------------------------

কলকাতা হাইকোর্টের ওবিসি রায়ের ওপর পশ্চিমবঙ্গ সরকার স্থগিতাদেশ চায় বলে আজ সুপ্রিম কোর্টে রাজ্যের তরফে জানানো হয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের এজলাসে দুপুর দুটোয় বিষয়টি উত্থাপন করেন, রাজ্যের আইনজীবী কপিল সিবাল। আশু শুনানির আবেদন জানান তিনি। প্রধান বিচারপতি বলেন, ২৭ শে আগস্ট এব্যাপারে শুনানি হতে পারে। রাজ্যের তরফে অপর আইনজীবী ইন্দিয়া জয়সিং-ও তালিকার ওপরের দিকে মামলাটি রাখার অনুরোধ করেন।

-------------------------

রাজ্য সরকার খোলা বাজারে আলুর দাম সাধারনের নাগালের মধ্যে রেখে আগামীকাল থেকে ভিনরাজ্যে আলু পাঠানোর ক্ষেত্রে ব্যবসায়ীদের ছাড়পত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ আলু ও অন্যান্য সব্জির দামের বর্তমান পরিস্থিতি নিয়ে মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা, প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি, টাস্ক ফোর্স, হিমঘর মালিক, কৃষি বিপনন দপ্তরের আধিকারিক ও মন্ত্রী বেচারাম মান্নার সঙ্গে নবান্নে বৈঠক করেন। বৈঠক সম্পর্কে সরকারিভাবে কিছু না জানানো হলেও বিভিন্ন দাবিতে ব্যবসায়ী সমিতি দ্বিতীয় দফায় যে কর্মবিরতি শুরু করেছে, তা নিয়ে মুখ্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেন বলে খবর।

-------------------------

দক্ষিণ বাংলাদেশ ও তার পার্শ্ববর্তী অঞ্চলের ওপর সৃষ্ট নিম্নচাপ এবং ঘূর্ণাবর্তের পাশাপাশি মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তর ও দক্ষিণবঙ্গের বেশিরভাগ জায়গায় ২৩ শে আগস্ট পর্যন্ত হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

আজ দুপুরে ঘন্টাখানেকের তুমুল বৃষ্টিতে কলকাতার বিভিন্ন জলমগ্ন হয়ে পড়ে। ঠনঠনিয়ায় ৭৪, উল্টোডাঙায় ৬৮, মানিকতলায় ৬৭, দত্তবাগানে ৫২ এবং বেলগাছিয়ায় ৪৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়। আগামীকাল ভারি বৃষ্টির সতর্কতা থাকছে উত্তর ২৪ পরগণা, নদীয়া ও মুর্শিদাবাদের দু-এক জায়গায়। সব জেলাতেই বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির সম্ভাবনা।

উত্তরবঙ্গের মালদা, জলপাইগুড়ি, কোচবিহার ও দুই দিনাজপুরে আগামীকাল ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

-------------------------

দ্বিতীয় শ্রেণীর এক ছাত্রীর তলপেটে লাথি মারার অভিযোগ উঠেছে উত্তর চব্বিশ পরগনার গাইঘাটা থানার ঠাকুরনগর চিকনপাড়া আরপি স্কুলের এক শিক্ষকের বিরুদ্ধে। পড়ুয়াদের নিজেদের মধ্যে ঝগড়াঝাটি চলার সময় সৌমেন মৈত্র নামে ইংরেজির ঐ শিক্ষক ক্লাসে ঢুকেই এক ছাত্রীর গালে চড় মারেন। লাথি মারেন আর এর ছাত্রীকে। এর জেরে সে অসুস্থ্ হয়ে পড়ে।

------------------------ ------------------------